দৈনিক ইত্তেফাক ২১/০৭/২০১৭ এর ৪ পৃষ্ঠা..................

Daily star ২২/০৭/২০১৭ এর ৮ পৃষ্ঠা ......................

# বাংলাদেশ স্কাউটস
## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্কাউটস-এ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদসমূহে সরকারি বিধি মোতাবেক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকবৃন্দের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন গ্রেড (২০১৫ অনুযায়ী) | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | সহকারী পরিচালক | ১৪ | ৯ম | ২য় বিভাগে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ বছরের স্নাতক সম্মান ডিগ্রী এবং স্কাউটিংয়ে মৌলিক অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২ | সহকারী পরিচালক (হিসাব) | ০১ | ৯ম | হিসাব বিজ্ঞানে সম্মানসহ ২য় বিভাগে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সিএ কোর্স সম্পন্নকারীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৩ | উপ সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ১ | ১০ম | ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে নূন্যতম ২য় শ্রেণিতে ডিপ্লোমা পাস এবং ৩ বছরের বৈদ্যুতিক সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১ | ১৬শ | কমপক্ষে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ এবং কম্পিউটারে এমএস ওয়ার্ড, এ্যাক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট, ই-মেইলে দুই বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা এবং বাংলা ও ইংরেজি টাইপিং যথাক্রমে ৩০ ও ৫০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৫ | অডিও ভিজ্যুয়াল অপারেটর | ১ | ১৭শ | কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাশ এবং অডিও ভিজ্যুয়াল সরঞ্জাম অপারেটরের কাজে অভিজ্ঞতা সম্পন্ন সার্টিফিকেটধারী হতে হবে। |
| ৬ | লিফটম্যান | ৩ | ১৭শ | কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাশ এবং লিফট অপারেটরের কাজে অভিজ্ঞতা সম্পন্ন এবং ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে। |
| ৭ | মালী | ১ | ২০শ | ৮ম শ্রেণী পাশ এবং ভালো স্বাস্থ্যের অধিকারী এবং বাগান পরিচর্যা কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮ | এমএলএসএস / গার্ড | ৪ | ২০শ | ৮ম শ্রেণী পাশ এবং ভালো স্বাস্থ্যের অধিকারী হতে হবে। উচ্চতা- ৫′-৪″ |
| ৯ | ক্লিনার | ১ | ২০শ | ৮ম শ্রেণী পাশ এবং ভালো স্বাস্থ্যের অধিকারীসহ, পরিস্কার পরিচ্ছন্নতা কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১০ | হাউস কিপার | ১ | ২০শ | ১০ম শ্রেণী পাশ এবং ভালো স্বাস্থ্যের অধিকারীসহ হাউস কিপিং কাজে পূর্ব অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে। |

প্রার্থীদের পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র (মোবাইল নম্বর ও ই-মেইল আইডিসহ) ও ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, চারিত্রিক সনদপত্র এবং ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি আগামী ২০ আগস্ট ২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০ ঠিকানায় পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ১ ও ২নং ক্রমিকের পদের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা ও ৩-১০ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা "বাংলাদেশ স্কাউটস", এর অনুকূলে রূপালী ব্যাংক লিমিটেড, নয়াপল্টন কর্পোরেট শাখা, ঢাকা এর উপর পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট প্রদান করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধা কোটায় চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধার সার্টিফিকেট (যা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা স্বাক্ষরবিহীন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

কোনো পাবলিক পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই (এস.এস.সি. ও এইচ.এস.সি. পরীক্ষার ক্ষেত্রে ২.০০ এর নিচে তৃতীয় বিভাগ এবং স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর ক্ষেত্রে ২.২৫ ও সিজিপিএ ৫.০০ এর ক্ষেত্রে ২.৮১৩ এর নিচে তৃতীয় বিভাগ)। আবেদনকারীদের অফিস সময়সূচির বাইরে এবং জেলা পর্যায়ে কাজ করতে আগ্রহী হতে হবে। উডব্যাজার এবং শাপলা কাব/পিএস/পিআরএস অ্যাওয়ার্ড প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। বিজ্ঞপ্তির ১-৩ নং ক্রমিকের পদের প্রার্থীদের লিখিত ও সাক্ষাতকার এবং অবশিষ্ট পদসমূহের প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না। এক ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না। এ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। আবেদনকারীদের বয়স ২০ আগস্ট ২০১৭ তারিখে সর্বোচ্চ ৩০ বছর ও সর্বনিম্ন ১৮ বছর এবং বিভাগীয় প্রার্থীদের বয়স নিয়মানুযায়ী শিথিলযোগ্য।

কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে। সহকারী পরিচালক পদের কার্যপরিধি বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটে (www.scouts.gov.bd) পাওয়া যাবে।

**নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস**

■ অ্যাসিসটেন্ট ডাইরেক্টর এর কার্যপরিধি ঃ

১। তিনি বাংলাদেশ স্কাউটস এর বিশেষজ্ঞ কর্মকর্তা হিসেবে স্কাউটিং কার্যক্রমের উন্নয়ন ও সম্প্রাসারনের লক্ষ্যে জাতীয় সদর দফতর, আঞ্চল, জেলা ও উপজেলা স্কাউটসের স্বার্থ সংরক্ষণে কাজ করবেন।

২। এ্যাসিসটেন্ট ডাইরেক্টর জাতীয় সদর দফতরের প্রতিনিধিত্বকারী কর্মকর্তা। তারা সকল কর্মক্ষেত্রে বিশেষজ্ঞ হিসেবে দায়িত্ব পালন করবেন। কার্যএলাকার স্থানীয় প্রশাসন এবং শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রাখবেন।

৩। জেলার স্কাউটিং কার্যক্রম সম্পর্কে জেলা স্কাউট সভাপতি ও জেলা স্কাউট কমিশনার কে অবহিত রাখবেন।

৪। তিনি সকল কাজের জন্য রিজিওনাল ডাইরেক্টর/ডাইরেক্টর এর নিকট দায়ী থাকবেন।

৫। কাজের সুবিদার্থে প্রয়োজনীয় নথি ও রেকর্ডপত্র সংরক্ষণ করবেন।

৬। তাঁর আওতাধীন জেলা ও উপজেলা থেকে যথাসময়ে বার্ষিক কার্যাবলীর রিপোর্ট সংগ্রহ করবেন এবং মন্তব্যসহ তা রিজিওনাল ডাইরেক্টর এর নিকট পাঠাবেন।

৭। গ্রুপ তালিকাভুক্তি, মেম্বারশীপ ফি আদায়, পরিসংখ্যান সংগ্রহ বিষয়ে জেলা স্কাউটস ও উপজেলা স্কাউটস থেকে প্রাপ্ত তথ্য যথাসময়ে অঞ্চলে পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৮। জেলা ও উপজেলার বার্ষিক কর্মসূচি বাস্তবায়ন, বাজেট প্রণয়ন এবং অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনার বিষয়ে তিনি পরামর্শ ও সহায়তা প্রদান করবেন।

৯। তিনি রিজিওনাল ডাইরেক্টর/ডাইরেক্টর এর পূর্ব অনুমোদনক্রমে জেলা, উপজেলা, ইউনিট পরিদার্শন করবেন। পরিদর্শনের পূর্বে সংশ্লিষ্টগণকে অবহিত করবেন। পরিদর্শন প্রতিবেদন এক্সিকিউটিভ ডাইরেক্টর ও রিজিওনাল ডাইরেক্টর এর নিকট প্রেরণ করবেন।

১০। পরিদর্শনের সময় তিনি আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে খোঁজ খবর নিবেন এবং প্রাপ্ত তথ্য প্রতিবেদনে অন্তর্ভূক্ত করবেন।

১১। কার্যএলাকার সকল পর্যায়ে বাংলাদেশ সআকউটস এর "গঠন ও নিয়ম" মেনে চলার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবেন।

১২। জেলা ও উপজেলা উপবিধি প্রনয়ন, সংশোধন, পরিবর্তন ও পরিমার্জনে গঠিত উপকমিটির সদস্য থাকবেন।

১৩। জাতীয় ও আঞ্চলিক বার্ষিক কর্মপরিকল্পনা নিজ কর্মএলাকায় বাস্তবায়নে তিনি সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।

১৪। জেলা ও উপজেলার স্থাবর ও অস্থাবর সম্পত্তির তত্ত্বাবধান ও সংরক্ষণে সংশ্লিষ্টদের সহায়তা প্রদান করবেন।

১৫। তিনি যোগ্য স্কাউটারদের উচ্চতর প্রশিক্ষণের জন্য সুপারিশ করবেন।

১৬। জেলা প্রাথমিক শিক্ষা সমন্বয় সভায় কাবিং বিষয়ে আলোচনার জন্য যোগদান করবেন।

১৭। তিনি জাতীয় ও আঞ্চলিক সদর দফতর কর্তৃক প্রদত্ত সকল দায়িত্বাবলী পালন করবেন।

১৮। সকল প্রকার অ্যাওয়ার্ড প্রদানে জেলা স্কাউট সভাপতি ও জেলা কমিশনারকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান করবেন।

১৯। রিজিওনাল ডাইরেক্টর এর অনুমোদনক্রমে নৈমিত্তিক ছুটি ভোগ করবেন। তিনি এক্সিকিউটিভ ডাইরেক্টর এর অনুমোদনক্রমে অন্যান্য ছুটি ভোগ করবেন এবং তা সংশ্লিষ্টগণকে অবহিত করবেন।